

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

দ্বিতীয় সেমেস্টার

চতুর্থ পত্র

কোর্স কোড : BNGH/CC-T-4

(অলঙ্কার, শাক্ত পদাবলী, অন্নদামঙ্গল ও বাংলা প্রুফ সংশোধন)

পূর্ণমান : ৬০

সময় : ২ ½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

- ক) পাণ্ডুলিপি বলতে কী বোঝানো হয়?
- খ) উদ্ধৃতিচিহ্ন নেই -, এটি বসাতে হবে সঠিকভাবে — সেক্ষেত্রে কোন্ সাংকেতিক চিহ্ন ব্যবহার করতে হবে তা উদাহরণসহ দেখাও।
- গ) ‘নাহি দেখি আয়তি কেবল আচাভূয়া।’ — ‘আচাভূয়া’ শব্দের অর্থ কী? কার লেখা কোন্ রচনার অংশ?
- ঘ) “পিতামহ দিলা মোরে অন্নপূর্ণা নাম।  
অনেকের পতি তেঁই পতি মোর বাম।।” — কার উক্তি?  
‘পিতামহ’ কে? ‘বাম’ বলতে কী বোঝানো হয়েছে?

- ঙ) ‘ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে।  
হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে।’  
— ‘আঁটকুড়া’ ও ‘অল্পেয়ে’ — শব্দদুটির অর্থ লেখো। ‘বর’ এখানে কে?
- চ) ‘চৌত্রিশ অক্ষরে বর্ষাহীয়া কৈলা স্তব।’  
— ব্যাখ্যা করো এটি কোন্ অংশের অন্তর্গত?
- ছ) খেপার দশা ভাবতে গেলে আমাতে আর আমি নই’  
— কার লেখা? ‘খেপা’ কে?
- জ) ‘দশ দিক আঁধার ক’রে মাতিল দিক-বসনা...’  
— কার রচিত কোন্ শ্রেণীর কবিতা? ‘দিক বসনা’ বলতে কী বোঝানো হয়েছে?
- ঝ) ‘তরু মুঞ্জরে নয়, শুকায় শাখা, ছটা আগুন বিগুণ আছে।’  
— কার লেখা কোন্ পর্যায়ের কবিতা? ‘মুঞ্জরে’, ‘বিগুণ’ অর্থ বলো।
- ঞ) “বলে বলবে লোকে মন্দ, কারো কথা শুনব না।”  
— কার জবানীতে একথা বলা হয়েছে? পদকর্তা কে? এটি কোন্ পর্যায়ের কবিতা?
- ট) ‘যাবনী মিশল’ ভাষা বলতে কী বোঝানো হয়? কার লেখা কোন্ রচনায় এই ভাষার প্রসঙ্গ রয়েছে?
- ঠ) ‘দড়িটা পড়ে আছে পথের মাঝখানে —  
যেন একজটা ডাকিনীর জটা।’  
— উপমেয় কী? এটি কোন্ অলংকার?

- ড) ‘ছোটো কালের পিরিত রে ভাই —  
মিঠা যেমন পানি।’  
— উপমান কী? এখানে কোন্ অলংকার আছে?
- ঢ) “বন থেকে এলো এক টিয়ে মনোহর।  
সোনার টোপর শোভে মাথার উপর ।।”  
— উপমান কী? এটি কোন্ অলংকার ?
- ণ) ‘তোমায় বাঁধে এমন বিদ্যে কেউ শেখেনি  
যত বিশাল পাত্রে রাখি, উপচে পড়ে।’  
— এটি কী ধরণের অলংকার ?

- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $৫ \times ৪ = ২০$
- ক) ‘হরিহোড় ‘পালা’-য় সামাজিক বহুত্ববাদের যে পরিচয় ধরা  
পড়েছে তা আলোচনা করো।
- খ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে হাস্যরসের পরিচয় দাও।
- গ) ‘আগমনী বিজয়া’ পর্যায়ে প্রতিফলিত সমাজচিত্রের পরিচয় দাও।
- ঘ) শাক্ত পদাবলী ও বৈষ্ণব পদাবলীর বাৎসল্যরসের উপস্থাপনার  
একটি তুলনামূলক আলোচনা করো।
- ঙ) উপমা ও উৎপেক্ষা অলংকারের মধ্যে একটি তুলনামূলক  
আলোচনা করো।
- চ) প্রুফ সংশোধনে সাংকেতিক চিহ্নগুলি কীভাবে দেওয়া দরকার  
তা বুঝিয়ে দাও।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$

- ক) ‘নূতন মঙ্গল আশে ভারত সরস ভাষে...’  
— ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যকে ‘নূতনমঙ্গল’ কাব্য আদৌ  
বলা যায় কিনা বিশ্লেষণ করো।
- খ) শাক্ত পদ রচনায় কমলাকান্ত ভট্টাচার্যের বিশিষ্টতার ক্ষেত্রগুলি  
চিহ্নিত করো।
- গ) উপমা অলংকারের বিভিন্ন অঙ্গগুলির পরিচয় দাও। প্রসঙ্গত,  
তোমার পাঠ্য বিরোধমূলক অলংকার বিষয়ে বিশদে আলোচনা  
করো।
- ঘ) প্রুফ সংশোধন করো :  
অমি অন্তঃ পুরের মেয়ে,  
চিনবেন গ আমাকে  
তোমার শেষ গ জলের বইটি পরেছি শরতবাবু,  
‘বাসি ফুলের মালা’।  
তোমার নায়ীকা এলো কেশির মরণদশা ধরেছিল,  
পঁয়ত্রিশ বছর বয়সে।  
পাঁ চিশ বছর বয়সের সঙ্গ তার রেশারেবি;  
দেখলাম তুমি মহাদশয় বটে,  
জিতিএ দিলেমতাকে।  
(- “সাধারণ মেয়ে”)